অমিত-পুত্রের দুর্নীতির অভিযোগে বিজেপি-কে বিঁধলেন যশবন্ত

পাটনা, ১১ অক্টোবর ঃ বিজেপি সভাপতি অমিত শা-র পুত্র জয় শা-র বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নিয়ে এবার সরব হলেন প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী যশবন্ত সিনহা। বিজেপি-র এই বর্ষীয়ান নেতার তোপ, 'দুর্নীতির বিরুদ্ধে যে দল কোনো আপস করত না, দলীয় সভাপতির ছেলে দুর্নীতিতে জড়িয়ে পড়ায় সেই দল এখন তার নৈতিক অবস্থান হারিয়ে ফেলেছে।' যশবন্তের অভিযোগ, দুর্নীতির অভিযোগ থেকে অমিত শা-র ছেলেকে বাঁচাতে বিজেপি যেভাবে কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গোয়েলকে এগিয়ে দিয়েছে এবং অতিরিক্ত সলিসিটার জেনারেল তুষার মেহেতা সরকারি কৌঁসুলি হওয়া সত্ত্বেও জয়ের হয়ে মামলা লড়ছেন তা অতীতে কখনও ঘটেনি। তাঁর বক্তব্য, কেন্দ্রের উচিত, অবিলম্বে জয়ের দুর্নীতির বিরুদ্ধে যথাযথ তদন্তের নির্দেশ দেওয়া। কারণ, এই দুর্নীতির সঙ্গে একাধিক সরকারি দপ্তর জড়িত রয়েছে। যশবন্ত বলেন, কেন্দ্রীয় বিদ্যুৎমন্ত্রক যেভাবে জয় শা-কে ঋণ দিয়েছিল এবং প্রাক্তন বিদ্যুৎমন্ত্রী তথা কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গোয়েল যেভাবে অমিত-পুত্রকে বাঁচানোর চেষ্টা করছেন, তাতে পরিষ্কার, কিছু গণ্ডগোল রয়েছে। গত মাসে আর্থিক বিকাশের নিম্নগামী হার নিয়ে সরাসরি কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলিকে আক্রমণ করেছিলেন যশবন্ত।

দল এবং সরকারের বিরুদ্ধে বাজপেয়ী মন্ত্রীসভার এই সদস্য যেভাবে সরব হয়েছেন, তাতে আগামীদিনে বিজেপি-তে ঘরোয়া কোন্দল বাড়বে বলে মনে করছে রাজনৈতিক মহল। কেন্দ্রে বিজেপি ক্ষমতায় আসার পর অমিত শা-র ছেলে জয়ের সংস্থা টেম্পল এনটারপ্রাইজের ব্যবসার পরিমাণ এক বছরে ১৬০০০ গুণ বৃদ্ধি পাওয়া নিয়ে গত রবিবার দ্য ওয়্যার নামে একটি অনলাইন সংবাদমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়। তারপরই জাতীয় রাজনীতিতে তোলপাড় শুরু হয়। কংগ্রেস, তৃণমূল সহ বিরোধী দলগুলি অমিত শা-র ছেলের বিরুদ্ধে তদন্তের দাবি তোলে। অপরদিকে, জয় নির্দোষ বলে দাবি করেছে বিজেপি। দ্য ওয়্যারের বিরুদ্ধে গত সোমবার ১০০ কোটি টাকার মানহানির মামলা দায়ের করেন জয়।

এলফিনস্টোন কাণ্ডে নির্দোষ রেলকর্মীরা

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ মুম্বইয়ের এলফিনস্টোন রোড স্টেশনের ফুটব্রিজে পদপিষ্ট হওয়ার ঘটনায় ব্রিজের রক্ষণাবেক্ষণ নিয়ে সমালোচনার ঝড় উঠেছিল বিভিন্ন মহলে। তদন্ত রিপোর্ট অবশ্য সেই সমালোচনায় জল ঢেলে দিয়েছে। রিপোর্টে বলা হয়েছে, ওই দুর্ঘটনায় রেলকর্মীদের কোনো গাফিলতি ছিল না। পশ্চিম রেলের মুখ্য নিরাপত্তা অফিসারের তদন্ত রিপোর্টে ঘটনার জন্য দায়ী করা হয়েছে অতিবৃষ্টিকেই। প্রবল বর্ষণের হাত থেকে বাঁচতে যাত্রীরা গত ২৯ সেপ্টেম্বর দেড়শো বছরের পুরোনো এলফিনস্টোন রোড স্টেশনের ফুটব্রিজ দিয়ে হুড়মুড় করে নামছিলেন। বিপত্তি ঘটে তখনই। গুজব রটে পদপিষ্ট হওয়ার। ঘটনার কারণ হিসেবে শর্টসার্কিট নিয়েও রটনা হয়। কিন্তু তেমন কিছুই ঘটেনি বলে রিপোর্টে উল্লেখ করা হয়েছে। একাধিক ভিডিয়ো ফুটেজ এবং ৩০ জন প্রত্যক্ষদর্শীর বয়ান রেকর্ড করে এবং তা খতিয়ে দেখে যে রিপোর্ট তৈরি হয়েছে, বুধবার তা পেশ করা হয় পশ্চিম রেলের জেনারেল ম্যানেজার অনিল কুমারের কাছে। মুম্বইয়ের অতি ব্যস্ত স্টেশনগুলির মধ্যে অন্যতম এলফিনস্টোন রোড স্টেশন। তাই কিছু সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার পরামর্শও দেওয়া হয়েছে রিপোর্টে। বলা হয়েছে, ভিড়ের সময় যাত্রীরা ভারী স্যুটকেশ ইত্যাদি নিয়ে ওই সেতু দিয়ে যেন যাতায়াত না করেন। হকারদের ভারী জিনিসপত্র নিয়ে যেতে বারণ করা হয়েছে। প্রস্তাব দেওয়া হয়েছে আরও একটি সিঁড়ি তৈরির। এমনকি স্টেশনের কর্মীদের ওয়্যারলেস হ্যান্ডসেট দেওয়ার প্রস্তাবও রয়েছে রিপোর্টে।

রোটাং টানেলের কাজ শেষ পর্যায়ে

মানালি, ১১ অক্টোবর ঃ শীতের সময় দেশের বাকি অংশ থেকে কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়ে হিমাচলপ্রদেশের লাহুল ও স্পিতি জেলার একটা বড়ো অংশ। সড়ক যোগাযোগ তো দূরের কথা, খারাপ আবহাওয়ার কারণে আকাশপথেও এই এলাকার সঙ্গে যোগাযোগ বজায় রাখা কঠিন হয়ে পড়ে। অথচ চিন ও পাকিস্তান সীমান্তের খুব কাছে অবস্থিত এলাকাটির যথেষ্ট সামরিক গুরুত্ব রয়েছে। ১৯৮৩ সালে কেন্দ্রের তরফে এখানে ৮.৮ কিলোমিটার দীর্ঘ একটি সুড়ঙ্গপথ (টানেল) তৈরির পরিকল্পনা করা হয়েছিল। কাজ শুরু হয় ২০১০ সালে। ২০১৯ সালের মধ্যে তা শেষ হওয়ার কথা। তবে চলতি বছরের অক্টোবরের মধ্যেই সুড়ঙ্গ খোঁড়ার কাজ শেষ করার ব্যাপারে আশাবাদী কেন্দ্র। সূত্রের খবর, আপাতত সুড়ঙ্গের মাঝের চার মিটার অংশের কাজ বাকি রয়েছে। আগামী ২৪ অক্টোবর প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারামণের উপস্থিতিতে শেষ এক মিটার অংশের কাজ শেষ হবে।

কেন্দ্রীয় লোক নির্মাণ বিভাগ
ই-টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তি

এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার, শিলিগুড়ি সেন্ট্রাল ডিভিশন (ই জেড), সিপিডব্লিউডি,. শিলিগুড়ি ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নোক্ত কাজের জন্য অনলাইন শতকরা হারের দর আহ্বান করছেন ঃ-

১। এনআইটি নং ২১/ইই/এসসিডি (ই জেড)/২০১৭-১৮। কাজের নাম ঃ 'বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর, পশ্চিমবঙ্গে আয়কর দপ্তরের জন্য সীমানা প্রাচীর নির্মাণ।' **বরাদ্দকৃত ব্যয় ঃ টাঃ ৩৪,৩৩,০৯৮/-, বায়নার অর্থ ঃ টাঃ ৬৮,৬৬২/-**, সম্পূর্ণ করার মেয়াদ-**০৬ (ছয়) মাস**, দর দাখিল করার শেষ সময় এবং তারিখ **২৪/১০/২০১৭**-এর **অপরাহ্ন ০৩.০০ টা পর্যন্ত**। দরের ফর্ম এবং অন্যান্য বিবরণ ওয়েবসাইট **www.tenderwizard.com/CPWD** থেকে পাওয়া যাবে। প্রেস বিজ্ঞপ্তি **www.eprocure.gov.in'**এতে পাওয়া যাবে।

কেন্দ্রীয় লোক নির্মাণ বিভাগ
ই-টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তি

এগ্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার, শিলিগুড়ি সেন্ট্রাল ডিভিশন (ইজেড), সিপিডব্লিউডি, শিলিগুড়ি ভারতের রাষ্ট্রপতির পক্ষে নিম্নোক্ত কাজের জন্য অনলাইন শতকরা হারের দর আহ্বান করছেন ঃ-

১। এনআইটি নং-২৪/ইই/এসসিডি (ইজেড)/২০১৭-১৮। কাজের নাম ঃ 'সাবট্রপিক্যাল হর্টিকালচার, লখনউয়ের জন্য আইকার-সেন্ট্রাল ইন্সটিটিউটের প্রস্তাবিত রিজিওনাল রিসার্চ স্টেশন, মালদার প্রস্তাবিত কাজ, **এসএইচ ঃ-** সি/ও সীমানা প্রাচীর (অনুমিত ২৫০০ মিটার দীর্ঘ ও ২ মিটার উচ্চ)। **এসডব্লিউ ঃ-** সি/ও মালদায় সিআইএসএইচের রিসার্চ স্টেশনে মেইন গেট। **বরাদ্দকৃত ব্যয়ঃ টাঃ ১৬,৯৮,১১৪/-, বায়নার অর্থ ঃ টাঃ ৩৩,৯৬২/-**, সম্পূর্ণ করার মেয়াদ-**০৪ (চার) মাস**, দর দাখিল করার শেষ সময় ও তারিখ ঃ **২৪/১০/২০১৭**-এর অপরাহ্ন **০৩.০০ টা পর্যন্ত**। দরের ফর্ম এবং অন্যান্য বিবরণ ওয়েবসাইট **www.tenderwizard.com/CPWD** থেকে পাওয়া যাবে। প্রেস বিজ্ঞপ্তি **www.eprocure.gov.in** এতে পাওয়া যাবে।

কেন্দ্রীয় লোক নির্মাণ বিভাগ
ই-টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তি

এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার, শিলিগুড়ি সেন্ট্রাল ডিভিশন (ই জেড), সিপিডব্লিউডি, শিলিগুড়ি, নিম্নোক্ত কাজের জন্য ভারতের রাষ্ট্রপতির পক্ষে অনলাইন শতকরা হারে দর আহ্বান করছেন ঃ–

১। এনআইটি নং ১৯/ইই/এসসিডি (ই জেড)/২০১৭-১৮। কাজের নাম ঃ 'সেন্ট্রাল সিল্ক বোর্ড, আমবাড়ি, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গে মেরামত/ নবায়ন সহ রং করা এবং রিয়ারিং বিল্ডিংয়ের ছাদে টিন শেড স্থাপন'। বরাদ্দকৃত ব্যয় ঃ টাঃ ৩১, ১৮, ৫৬৯/- বায়নার অর্থ ঃ টা ঃ ৬২, ৩৭১/-, সম্পূর্ণ করার মেয়াদ-৫ (পাঁচ) মাস। দর দাখিল করার শেষ সময় এবং তারিখ ২৪/১০/২০১৭' এর অপরাহ্ন ৩.০০ টা পর্যন্ত।

২। এনআইটি নং ২০/ইই/এসসিডি (ই জেড)/২০১৭-১৮। কাজের নাম ঃ 'সেন্ট্রাল সিল্ক বোর্ড, আমবাড়ি, ফালাকাটা, জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গে গ্রেনেজ বিল্ডিংয়ের রং করা ও ছাদের ট্রিটমেন্ট (এপিপি) সহ মেরামত/ নবায়ন।' বরাদ্দকৃত ব্যয় ঃ টাঃ ২৩,৩৫,১৯৮/-, বায়নার অর্থ ঃ টাঃ ৪৬, ৭০৪/-, সম্পূর্ণ করার মেয়াদ ঃ ৫ (পাঁচ) মাস। দর দাখিল করার শেষ সময় এবং তারিখ ২৪/১০/২০১৭'এর অপরাহ্ন ০৩.০০টা পর্যন্ত।

দরের ফর্ম এবং অন্যান্য বিবরণ ওয়েবসাইট **www.tenderwizard.com/CPWD** থেকে পাওয়া যাবে। প্রেস বিজ্ঞপ্তি **www.eprocure.gov.in** থেকেও পাওয়া যাবে।

নাবালিকা স্ত্রীর সঙ্গে যৌন সংসর্গ ধর্ষণ, রায় শীর্ষ আদালতের

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ নাবালিকা স্ত্রীর সঙ্গে যৌন সংসর্গ করলেও তা ধর্ষণ বলে বিবেচিত হবে। এ দিন এক ঐতিহাসিক রায়ে এই কথা জানিয়েছে দেশের শীর্ষ আদালত। সুপ্রিমকোর্ট বলেছে, স্ত্রীর বয়স ১৮-এর নীচে হলেই যৌনমিলনকে আর বৈধ বলা যাবে না। সেটা তখন 'ধর্ষণ'-এর পর্যায়ে পড়ে যাবে। অর্থাৎ যদি কোনো পুরুষ তাঁর ১৮ বছরের কমবয়সি স্ত্রীর সঙ্গে যৌন সম্পর্কে লিপ্ত হন, তা হলে আইনের চোখে তিনি অপরাধী বলে গণ্য হবেন। এমন ঘটনা ঘটার এক বছরের মধ্যে অপ্রাপ্তবয়স্ক স্ত্রী স্বামীর বিরুদ্ধে অভিযোগ জানাতে পারেন। বুধবার সুপ্রিমকোর্টের বিচারপতি মদন বি লকুরের বেঞ্চ এই রায় দিয়েছে।

ভারতীয় দণ্ডবিধি অনুযায়ী, কোনো পুরুষ ১৮ বছরের কম বয়সের কোনো মেয়ের ইচ্ছার বিরুদ্ধে তার সঙ্গে শারীরিক সম্পর্ক গড়ে তুললে তা অপরাধের আওতায় পড়ে। কিন্তু যদি সেই মেয়ে তার বিবাহিতা স্ত্রী হয়, তা হলে মেয়েটির ইচ্ছা এবং সম্মতি না থাকলেও এতদিন তা ধর্ষণ হিসেবে গ্রাহ্য হত না। এক্ষেত্রে সুপ্রিমকোর্ট ভারতীয় দণ্ডবিধির ৩৭৫ ধারায় উল্লিখিত ব্যতিক্রম খারিজ করে দিয়েছে। এই ধারা অনুযায়ী, ১৫ বছরের বেশি বয়সের স্ত্রীর সঙ্গে যৌন সম্পর্ক ধর্ষণের আওতার বাইরে রয়েছে। সুপ্রিমকোর্ট বলেছে, ধর্ষণ আইনে যে ব্যতিক্রম রয়েছে, তা বৈষম্যমূলক ও একতরফা। ১৫ থেকে ১৮ বছর বয়সের বিবাহিতা মেয়েদের এর বাইরে রাখাটা অসাংবিধানিক বলে মন্তব্য করেছে শীর্ষ আদালত। কারণ, যৌন সম্পর্কে সম্মতির ন্যূনতম বয়স ১৮। এক্ষেত্রে বিবাহিতা নাবালিকাদের ধর্ষণের আওতার বাইরে রাখা যায় না। এ দিন সুপ্রিমকোর্টের বিচারপতি বাল্যবিবাহ নিয়ে উদ্‌বেগ প্রকাশ করে বলেছেন, যে উদ্দেশ্যে সামাজিক ন্যায় সংক্রান্ত আইনগুলি চালু করা হয়েছিল, সেই উদ্দেশ্য পূরণ হচ্ছে না। ৩৭৫ ধারায় নাবালিকা স্ত্রীর সঙ্গে যৌন সম্পর্ককে ধর্ষণের আওতার বাইরে রাখার বিষয়টি অবৈধ ঘোষণার আর্জি জানিয়ে সুপ্রিমকোর্টে একটি পিটিশন দাখিল করা হয়েছিল। সেই সূত্রেই বুধবার এই যুগান্তকারী রায় দিয়েছে সুপ্রিমকোর্ট। আজকের রায়ের ফলে ভারতের ২ কোটি ৩০ লক্ষ নাবালিকা বধূর অধিকার সুরক্ষিত হল বলে মনে করা হচ্ছে।



ছবিটি প্রতীকী

দিল্লির বাজি

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ আসন্ন দীপাবলিতে দিল্লি-এনসিআর অঞ্চলে আতশবাজির উপর নিষেধাজ্ঞা জারি করেছে সুপ্রিমকোর্ট। শীর্ষ আদালতের এই সিদ্ধান্তকে হিন্দু বিরোধী বলে সমালোচনা করলেন ত্রিপুরার রাজ্যপাল তথাগত রায়। তথাগতবাবুর অভিযোগ, অসহিষ্ণুতা ইশ্যুতে গতবছর যে সমস্ত বিদ্বজ্জন জাতীয় পুরস্কার ফিরিয়ে দিয়েছিলেন তাঁদের প্রভাবেই সুপ্রিমকোর্ট আতশবাজির উপর নিষেধাজ্ঞা জারি করেছে। তিনি টুইটারে বলেন, প্রথমে 'দহি হান্ডি' উৎসব, আর এবার আতশবাজি। 'অ্যাওয়ার্ড ওয়াপসি গ্যাং' এবার হয়তো পরিবেশ দূষণের অজুহাতে হিন্দুদের দাহ করে সৎকারেরও বিরোধিতা করবে। শুধু তথাগতবাবু নন, মধ্যপ্রদেশের মন্ত্রী ভূপেন্দ্র সিংও সুপ্রিমকোর্টের সিদ্ধান্তের সমালোচনায় সরব হয়েছেন।

আজব প্রশ্ন বিহারে

পাটনা, ১১ অক্টোবর ঃ কাশ্মীর যে ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ, সে দাবি করতে কোনোদিনও ভুল হয় না বিজেপি নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রীদের। কিন্তু এহেন জাতীয়তাবাদী এনডিএ জোটের হাতে থাকা বিহারের শিক্ষা দপ্তরের আধিকারিকরা অবশ্য সেই দাবি কতটা মানেন তা নিয়ে সংশয় দেখা দিয়েছে। কারণ, সমস্ত সরকারি স্কুলের ষষ্ঠ শ্রেণির পড়ুয়ার কাছে শিক্ষা দপ্তর প্রশ্ন করেছে, চিন, নেপাল, ইংল্যান্ড, কাশ্মীর এবং ভারতের অধিবাসীদের কী বলা হয়? রাজ্য শিক্ষা দপ্তরের শাখা বিহার এডুকেশন প্রোজেক্ট কাউন্সিল গত ৫ অক্টোবর থেকে ষষ্ঠ শ্রেণির পড়ুয়াদের পরীক্ষা নিচ্ছে। সেখানেই এই প্রশ্নটি করা হয়েছে। বিহার এডুকেশন প্রোজেক্ট কাউন্সিলের আধিকারিক প্রেম চন্দ্র বলেন, যেটা হয়েছে তা মুদ্রণগত ত্রুটি ছাড়া আর কিছুই নয়।

পাক শিশুর চিকিৎসায় ফের মুশকিল আসান সুষমা

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ ভারত-পাক সম্পর্ক তলানিতে ঠেকলেও এদেশে চিকিৎসার জন্য ভিসা পাওয়ার ব্যাপারে পাকিস্তানিদের প্রতি তিনি উদারহস্ত। টুইটারে সাড়া দেন এক ক্লিকেই। ব্যতিক্রম হল না এবারও। ভারতে মেয়ের ওপেন হার্ট সার্জারির জন্য ভিসা পেতে টুইটারে বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের দ্বারস্থ হয়েছিলেন হিরা সিরাজ। পাক নাগরিকের আবেদনে ২৪ ঘণ্টার মধ্যেই সাড়া দিয়েছেন সুষমা।

শিরিন সিরাজের জন্য এবার নিশ্চিন্ত তাঁর মা হিরা। শিরিনের আগে আরও দুই পাক শিশুর জন্য মেডিকেল ভিসা অনুমোদন করেছিলেন বিদেশমন্ত্রী। তাদের একজন করাচির মাহা শোয়েব ও লাহোরের এক তিন বছরের বালিকা। তবে শুধু শিশুদের ক্ষেত্রেই নয়, পূর্ণবয়স্ক পাক নাগরিকদের ক্ষেত্রেও সুষমা সমান তৎপর। সাড়া দিয়েছেন অসুস্থ থাকার সময়ও। বাবার লিভার প্রতিস্থাপনের জন্য পাক নাগরিক নুমা হাবিবও ভিসা পেতে টুইটারে সুষমার দ্বারস্থ হন।

শুধু চিকিৎসার ক্ষেত্রেই নয়, এদেশে কোনো বিদেশি বিপদে পড়লেও তাঁকে সাহায্য করতে পিছপা হন না সুষমা। সম্প্রতি রুশ নাগরিক দিমিত্রি ইভানজেলিনের এটিএম কাজ না করায় টাকার জন্য তিনি ভিক্ষা করছিলেন। কুমারাকোট্টাম শ্রী সুব্রহ্মণিয়াম মন্দিরের সামনে ভিক্ষায় বসেন তিনি। এক বিদেশিকে ভিক্ষা করতে দেখে হকচকিয়ে যান পুণ্যার্থীরা। আসল সমস্যার কথা শুনে সাহায্যের পাশাপাশি পুলিশে খবর পাঠান তাঁরা। পুলিশ বার্তা পাঠায় চেন্নাইয়ের রুশ দূতাবাসে। সেখান থেকে বার্তা যায় সুষমার কাছে। সঙ্গে সঙ্গে ইভানজেলিনকে টুইটারে আশ্বাস দিয়ে বিদেশমন্ত্রী লেখেন, 'তোমার দেশ রাশিয়া আমাদের দীর্ঘদিনের বন্ধু। আমাদের চেন্নাইয়ের আধিকারিকরা তোমাকে সবরকমভাবে সাহায্য করবে। খুব তাড়াতাড়ি তুমি দেশে ফিরবে।'

ব্যর্থতা থেকে ঘুরে দাঁড়ানোর রসদ খুঁজছেন রাহুল গান্ধি

আমেদাবাদ, ১১ অক্টোবর ঃ '৭৭-এর নির্বাচনি পরাজয়ের পর লন্ডন সফরে যাচ্ছিলেন প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধি। বিমানবন্দরে তাঁকে জনৈক সাংবাদিক প্রশ্ন করেছিলেন, 'জরুরি অবস্থা থেকে আপনার লাভ কী হল?' সেই সাংবাদিকের দিকে তাকিয়ে শ্রীমতী গান্ধির সংক্ষিপ্ত জবাব ছিল, 'ওই ২১ মাসে আমরা দেশের সমস্ত শ্রেণির মানুষকে আমাদের থেকে মুখ ফিরিয়ে নিতে বাধ্য করেছিলাম।' ইন্দিরা গান্ধির ওই উক্তিটি স্মরণ করে প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় সম্প্রতি সংসদের সেন্ট্রাল হলে দাঁড়িয়ে বলেছিলেন, আত্মসমর্থনের বদলে আত্মসংশোধন করাটা অনেক বড়ো ব্যাপার।

২০১৪ সালে কংগ্রেসের ইতিহাসে সবথেকে শোচনীয় হারের পর থেকে ঘুরে দাঁড়াতে খানিকটা সময় নিয়েছিলেন রাহুল গান্ধি। একের পর এক রাজ্যে বিজেপির কাছে হেরে কংগ্রেসের আত্মবিশ্বাসটাই ভেঙে যেতে শুরু করেছিল। কিন্তু সাম্প্রতিক মার্কিন সফরের পর থেকে রাহুল গান্ধি যেভাবে মোদি সরকারের সমালোচনার পাশাপাশি কংগ্রেসের আত্মসমালোচনা করেছেন তাতে খানিকটা হলেও বিস্মিত বিজেপি শিবির। উলটোদিকে ভুল স্বীকার করে নেওয়ায় কংগ্রেস কর্মীরা নিজেদের ব্যর্থতা সংশোধন করার চেষ্টা চালাচ্ছেন। শুধু মার্কিন মুলুকেই নয়, গুজরাটে এসেও একইভাবে ইউপিএ জমানার ভুলের কথা স্বীকার করে নিয়েছেন কংগ্রেস সহসভাপতি। বরোদায় বিদ্বজ্জন এবং ব্যবসায়ীদের একটি সভায় রাহুল বলেন, 'গত লোকসভা ভোটে খারাপ ফল আমাদের কোথায় ভুল সেটা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল।' শুধু তাই নয় কংগ্রেসের সঙ্গে গেরুয়া শিবিরের মানসিকতার ফারাকের কথা জানিয়ে কংগ্রেস সহসভাপতি বলেন, 'আমার আদর্শ বিজেপি-আরএসএসের আদর্শের সঙ্গে খাপ খায় না। আমি তাদের সঙ্গে লড়াই করলেও কখনও ভারতকে বিজেপি-আরএসএসের আদর্শ থেকে মুক্ত করার কথা ভাবি না।' রাহুল গান্ধির এহেন মন্তব্যে পরিষ্কার, তিন বছর আগেকার তিনি আর এখনকার তিনির মধ্যে আকাশপাতাল পার্থক্য রয়েছে। এমনকি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আক্রমণের ক্ষেত্রে অনেক বেশি সংযত কিন্তু একইসঙ্গে আগ্রাসী।

বুধবার মধ্য গুজরাটে নবসর্জন যাত্রার শেষদিন খেদায় এক জনসভায় তাঁর কটাক্ষ, 'প্রধানমন্ত্রী গরিব মানুষদের কাছে স্বপ্ন বিক্রি করছেন। গতকাল তিনি বলেছিলেন, ২০২২ সালের মধ্যে গুজরাট থেকে গরিবি দূর করে দেবেন। আগামীদিনে হয়তো উনি বলবেন, ২০২৫ সালের মধ্যে সমস্ত গুজরাটিকে উনি চাঁদে পাঠাবেন। ২০২৮ সালের মধ্যে সবাইকে চাঁদে বাড়ি তৈরি করে দেবেন। আর তারপর ২০৩০ সালে গোটা চাঁদটাকেই ভারতে নিয়ে আসবেন।' সানন্দে টাটাদের ন্যানো কারখানা গড়া নিয়েও মোদিকে একহাত নেন রাহুল। তিনি বলেন, 'ইউপিএ সরকার ১০০ দিনের কাজের জন্য গুজরাট সরকারকে ৩৫ হাজার কোটি টাকা দিয়েছিল। মুখ্যমন্ত্রী থাকার সময় নরেন্দ্র মোদি তার থেকে ৩৩ হাজার কোটি টাকা টাটাদের দিয়েছিলেন। উনি আপনাদের জল, জমি কেড়ে নিয়ে তা শিল্পপতিদের হাতে তুলে দিয়েছিলেন। গুজরাট সরকার উপজাতি এবং যুবকদের স্বার্থ রক্ষা করতে পুরোপুরি ব্যর্থ হয়েছে।' শিক্ষা ব্যবস্থার বেসরকারিকরণ নিয়েও মুখ খোলেন তিনি। তাঁর তোপ, দেশের মধ্যে একমাত্র এই রাজ্যেই প্রায় ১২ হাজার স্কুল বন্ধ হয়ে গিয়েছে। এদিন ছোটো উদয়পুর সফরে বেরিয়ে ভাটিজি মহারাজ মন্দিরেও যান রাহুল।

বান্দিপোরায় সংঘর্ষে মৃত ২ জওয়ান

শ্রীনগর, ১১ অক্টোবর ঃ সেনা-জঙ্গি তুমুল সংঘর্ষে মৃত্যু হল দুই জওয়ানের। মৃত দুই শহিদই বায়ুসেনার কমান্ডো ছিলেন। তবে পালটা আক্রমণে গুলি করে মারা হয়েছে দুই জঙ্গিকেও। বুধবার কাকভোরে এই সংঘর্ষ চলে উত্তর কাশ্মীরের বান্দিপোরা জেলার হাজিন এলাকায়। শ্রীনগরে প্রতিরক্ষা দপ্তরের এক মুখপাত্র জানিয়েছেন, প্রায় ৮ জন সন্ত্রাসবাদী হাজিনের রাখ এলাকায় গা-ঢাকা দিয়ে রয়েছে বলে গোপন সূত্রে খবর পেয়েছিল জম্মু-কাশ্মীর পুলিশ। এর পর সেনা ও জম্মু-কাশ্মীর পুলিশের যৌথবাহিনী মঙ্গলবার রাত থেকে অভিযান চালায়। জঙ্গিদের ডেরা শনাক্ত করার পরই গোটা এলাকা ঘিরে ফেলে বাহিনী। সেই সময় সেনা-পুলিশকে নিশানা করে গুলিবৃষ্টি শুরু করে জঙ্গিরা। পালটা জবাব দেয় যৌথবাহিনীও। গুলিযুদ্ধে মারা যায় দুই সন্ত্রাসবাদী। এক সময় জঙ্গিদের দিক থেকে গোলাগুলি ছোড়া বন্ধ হয়। অভিযান শেষ হয়েছে বুঝে যৌথবাহিনী জঙ্গি ডেরার ভিতরে ঢোকার চেষ্টা সবেমাত্র শুরু করেছিল। কিন্তু এই সময় আচমকাই এক জঙ্গি এলোপাতাড়ি গুলি ছুড়তে শুরু করলে জখম হন বেশ কয়েকজন জওয়ান। পরে তাঁদের মধ্যে দুজনের মৃত্যু হয়। সিআরপিএফ আধিকারিক শম্ভু কুমার বলেন, মৃত দুই জঙ্গি লস্কর-ই-তৈবার। গুলির লড়াই রাত পর্যন্ত চলেছে।

শ্রমিকদের উপর হামলা ধৃত ৭ এমএনএস

সাংগলি (মহারাষ্ট্র), ১১ অক্টোবর ঃ উত্তর ভারতের শ্রমিকদের উপর হামলা করার অভিযোগে মহারাষ্ট্র নবনির্মাণ সেনা (এমএনএস)-র সন্দেহভাজন সাত সদস্যকে পুলিশ গ্রেফতার করেছে। গতকালের ঘটনা। রাজ ঠাকরের দলের ওই সদস্যদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩২৩, ২৪১, ৫০৪ ও ৩৪ ধারায় মামলা দায়ের করা হয়েছে। কিছুদিন থেকেই এমএনএস দাবি করছিল, কুপওয়াড় শিল্পাঞ্চলের কারখানাগুলিতে চাকরির ক্ষেত্রে স্থানীয়দেরই প্রাধান্য দিতে হবে। সেজন্য বহিরাগত শ্রমিকদের উপর হামলা হয়েছে বলে পুলিশের অনুমান।

ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স
স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রক
ভারত সরকার

হেড কনস্টেবল পদে নিয়োগ (কমব্যাটান্ট মিনিস্টিরিয়াল)- কেবলমাত্র অনলাইনে আবেদন

ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্স **হেড কনস্টেবল (কমব্যাটান্ট মিনিস্টিরিয়াল) গ্রুপ 'সি' নন-গেজেটেড** শূন্য পদে সাময়িক ভিত্তিতে যা সম্ভবত স্থায়ী হতে পারে নিয়োগের জন্য অনলাইন আবেদন আহ্বান করছে। বেতনক্রম পে ম্যাট্রিক্সে লেভেল-৪ **টাঃ ২৫৫০০-৮১১০০ (৭ম সিপিসি অনুযায়ী)**

২। শূন্যপদ প্রশাসনিক কারণে নিম্নানুযায়ী হেরফের হতে পারে ঃ-

পদের নাম	শূন্যপদের সংখ্যা				
	ইউআর	এসসি	এসটি	ওবিসি	মোট
হেড কনস্টেবল/কমব্যাটান্ট মিনিস্টিরিয়াল, ডিরেক্ট এন্ট্রি (ডিআর)	২৫	৮	০২	১০	৪৫
হেড কনস্টেবল/কমব্যাটান্ট মিনিস্টিরিয়াল (মহিলা) ডিআর-এর ১৫%	০৫	০১	০০	০২	০৮
হেড কনস্টেবল/কমব্যাটান্ট মিনিস্টিরিয়াল সীমিত বিভাগীয় প্রতিযোগিতামূলক পরীক্ষা (কেবলমাত্র আইটিবিপি বিভাগীয় প্রার্থীদের জন্য)	০৭	০১	০১	০০	০৯
মোট	৩৭	১০	০৩	১২	৬২

৩। বেতন এবং ভাতা, যোগ্যতার মান, নিয়োগ পদ্ধতি এবং পরীক্ষা ইত্যাদির বিশদে তথ্য জানার জন্য আবেদকদের ১৪.১০.২০১৭-এর এমপ্লয়মেন্ট নিউজ/রোজগার সমাচারে প্রকাশিত বিজ্ঞাপন এবং আইটিবিপি রিক্রুটমেন্ট ওয়েবসাইট **www.recruitment.itbpolice.nic.in** ও আইটিবিপি ওয়েবসাইট **www.itbpolice.nic.in** পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনকারীদের নিয়োগের জন্য আবেদন করার আগে বিশদে বিজ্ঞাপন পড়ে নিতে হবে।

৪। প্রার্থীদের কাছ থেকে আবেদন অনলাইন পদ্ধতিতে (কোনো অফলাইন দরখাস্ত গ্রহণ করা হবে না) কেবলমাত্র **www.recruitment.itbpolice.nic.in**-এতে গৃহীত হবে।

অনলাইন দরখাস্ত প্রাপ্তির বন্ধের/শেষ তারিখ ১৩.১১.২০১৭ (১৩ই নভেম্বর ২০১৭)

স্বাক্ষরিত
ডিআইজি (এস্টঃ অ্যান্ড রিক্রুটঃ)
ডিটিই জেন. আইটিবিপি

davp 19143/11/0009/1718

উন্নয়নের খোঁজে ১০ দাওয়াই আর্থিক উপদেষ্টা পরিষদের

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ মোদি জমানায় ভারতীয় অর্থনীতির হাল যে ক্রমশ বেহাল হচ্ছে, সেটা আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে ভারতীয় রিজার্ভ ব্যাংক, সবার রিপোর্টেই উঠে এসেছে। বিরোধীরাও এই ইশ্যুতে কেন্দ্রের উপর লাগাতার চাপ বাড়াচ্ছে। এমতাবস্থায় দেশের অর্থনীতির হাল শোধরাতে ১০টি মোক্ষম দাওয়াই দিল প্রধানমন্ত্রীর আর্থিক উপদেষ্টা পরিষদ। বুধবার কেন্দ্রের মুখ্য আর্থিক উপদেষ্টার সঙ্গে একটি বৈঠকে বসে পরিষদ। পরিষদের চেয়ারম্যান তথা নীতি আয়োগের সদস্য বিবেক দেবরায় জানান, আগামী ৬ মাসের মধ্যে দেশের উন্নয়নকে ত্বরান্বিত করতে ১০টি ক্ষেত্রকে অগ্রাধিকারের তালিকায় রাখা হয়েছে। আর্থিক বিকাশের হার ত্বরান্বিত করা, নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করা, সরকারি খরচ পুনর্মূল্যায়ন করার মতো একাধিক বিষয়কে অগ্রাধিকার দেওয়া হবে। এর জন্য কেন্দ্রীয় মন্ত্রক এবং দপ্তরগুলির সঙ্গে কথা বলে একটি বিস্তারিত রিপোর্ট তৈরি করবেন পরিষদের সদস্যরা। সেই রিপোর্টের ভিত্তিতে প্রধানমন্ত্রীকে সুপারিশ করা হবে বলে জানিয়েছেন বিবেক দেবরায়। আগামী নভেম্বর মাসে কেন্দ্রীয় সরকারের বাজেট বরাদ্দ নিয়ে বৈঠকে বসবে আর্থিক উপদেষ্টা পরিষদ। এদিনের বৈঠকে বর্তমান আর্থিক পরিস্থিতি এবং নীতি নিয়েও পর্যালোচনা করে পরিষদের সদস্যরা।

কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য সপ্তম বেতন কমিশন

নয়াদিল্লি, ১১ অক্টোবর ঃ কেন্দ্র ও রাজ্য সরকারের সমস্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য বুধবার সপ্তম বেতন কমিশনের সুবিধা ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। আজ কেন্দ্রীয় মন্ত্রীসভার এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। পরে সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রী প্রকাশ জাভড়েকার বলেন, '৩২৯টি রাজ্য বিশ্ববিদ্যালয় এবং ১২,৯১২টি কলেজের শিক্ষক, শিক্ষিকারা ২০১৬-র ১ জানুয়ারি থেকে সপ্তম বেতন কমিশনের সুবিধা পাবেন। একইসঙ্গে কেন্দ্রীয় সরকারের সাহায্যে চলা ডিমড বিশ্ববিদ্যালয় এবং ৪৩টি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও এই সুবিধা পাবেন।' জাভড়েকার জানান, কেন্দ্রের এই সিদ্ধান্তের ৭.৫৮ লক্ষ শিক্ষক, শিক্ষিকা উপকৃত হবেন। সপ্তম বেতন কমিশনের আওতায় আনা হয়েছে আইআইটি, আইআইএমের মতো সর্বভারতীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলিও। এর জন্য কেন্দ্রীয় সরকার ৯৮০০ কোটি টাকা খরচ করবে।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ বৃহস্পতিবার ২৫ আশ্বিন, ইং ১২ অক্টোবর অ ২৫ আহিন, মুং ২১ মহরম, ফঃ ৭ কার্তিক, সম্বৎ ৭ কার্তিক বদি। কন্যা দং ৪।২৪।৫০ গতে উদয় মীন ৩।৬।১১ বিঃ গতে অস্ত। সূর্যোদয় ঘ ৫।৩৪।৪৫ সূর্যাস্ত ঘ ৫।১১।২০। সপ্তমী দং ঘ ১০।৭।৩৩। আর্দ্রানক্ষত্র ঘ ১২।৫০।৪৮। পরিযোগ ঘ ১১।৩।৩৯। ববকরণ ঘ ১০।৭।৩৩ থেকে বালবকরণ রাত্রি ঘ ৮।৫৭।৩৭ থেকে কৌলবরণ। পূর্বদিনের রাশির ও রাত্রি ঘ ১০।২৬।৮ থেকে মিথুন তুলা ও কুম্ভ ভিন্নরাশির চন্দ্রশুদ্ধ এবং বৃষরাশির ঘাতচন্দ্র। পূর্বদিনের নক্ষত্রের ও রাত্রি ঘ ৩।৫৮।১৮ থেকে ১।৩।৫।৬।৮।১০।১২।১৪।১৫।১৭।১৯।২১।২৩।২৪।২৬ নক্ষত্রের তারাশুদ্ধ। জন্মে–মিথুনরাশি শূদ্রবর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ নরগণ অষ্টোত্তরী চন্দ্রের ও বিংশোত্তরী রাহুর দশা, ঘ ১২।৫০।৪৮ থেকে দেবগণ বিংশোত্তরী বৃহস্পতির দশা। মৃতে–পাদদোষ, ঘ ১০।৭।৩৩ থেকে দোষোনাস্তি, ঘ ১২।৫০।৪৮ থেকে দ্বিপাদদোষ। বায়ুকোণে যোগিনী, ঘ ১০।৭।৩৩ থেকে ঈশানে। কালবেলা ঘ ২।১৭।১১ থেকে ৩।৪।১৫ সেঃ মধ্যে। বারবেলা ঘ ৩।৪৪।১৫ থেকে ৫।১১।২০ সেঃ মধ্যে। কালরাত্রি ঘ ১১।২৩।৩ থেকে ১২।৫৫।৫৮ সেঃ মধ্যে তাল অভক্ষ্য পরে নারিকেল ভক্ষণ, স্ত্রী তৈল মৎস্য মাংসাদি সম্ভোগ ও প্রায়শ্চিত্ত নিষেধ ঘ ১০।৭।৩৩ থেকে মাসদগ্ধা। যাত্রা নাস্তি নক্ষত্রদোষ, ঘ ১০।৭।৩৩ থেকে তিথ্যমৃতযোগ মাসদগ্ধাদোষ, ঘ ১২।৫০।৪৮ থেকে নক্ষত্রামৃতযোগ মাত্র। শুভকর্ম–ঘ ১০।৭।৩৩ সেঃ মধ্যে ধান্যচ্ছেদন।

উত্তরবঙ্গের বৃহত্তম-বিশ্বস্ত ভারত বিখ্যাত ডাক্তার ও India No 1 Topmost best Sex চিকিৎসা।
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন 100% গ্যারান্টী সুচিকিৎসা
৭০ বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মত
No side Effect প্রথম দিন থেকেই কাজ শুরু - অল্প খরচে
AMERICAN MEGA লিঙ্গ বর্ধক যন্ত্র ও তেল যা ব্যবহারে লিঙ্গ 7-10 ইঞ্চি লম্বা, মোটা ও শক্তিশালী হয় সেক্স টাইম 30-40 মি. বাড়ে
T&C Apply*
আনন্দ হার্বাল™
শিলিগুড়ি:হিলকার্ট রোড, SBI বিল্ডিং-এর পাশে
7479334069/ 8158817822



বিগত ২১ বছরের বিশ্বস্ত ক্লিনিক
প্রায় ১০ লক্ষ রোগী উপকৃত
৭৫ বছর বয়সেও ভরপুর যৌবনের শক্তি
১০০% গ্যারান্টি আয়ুর্বেদিক চিকিৎসায় প্রথম দিন থেকে কাজ শুরু।
ভারত বিখ্যাত ডাক্তারের পরামর্শে সবচেয়ে স্পেশাল ও দ্রুত কার্যকরী ঔষধ, একমাত্র সেবা হারবাল ছাড়া অন্য কোন হারবালে নেই।
সেক্স সমস্যা
সহবাসে অক্ষমতা
শীঘ্রপতন, লিঙ্গশিথীলতা
লিঙ্গ/সরু/বাঁকা, স্বপ্নদোষ
ধাতুপাতলা, শুক্রাণুস্বল্পতা
American Vega লিঙ্গ বর্ধক যন্ত্র- লিঙ্গকে ৬"-১১"* লম্বা-মোটা দৃঢ় এবং 30-60 মিনিট সেক্স টাইম বৃদ্ধির উপযোগী। তেল ফ্রি*
সেবা হারবাল®
ISO 9001 : 2008 Certified Clinic
শিলিগুড়ি ঃ পানিট্যাঙ্কি মোড়- 9933545917

সব বিজ্ঞাপন দেখুন, তারপর সঠিক সিদ্ধান্ত নিন।
চিকিৎসা করাতে হলে
ডাক্তারের নাম দেখে চিকিৎসা করান
সুচিকিৎসার জন্য ভেলোর, চেন্নাই বা কলকাতাতে ছুটতে হবে না
এখন কোচবিহারে ভারত বিখ্যাত আয়ুর্বেদ বিশেষজ্ঞ
"সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার"
ডাঃ সুপ্রকাশ কুন্ডু
১৭ বছর ধরে লক্ষাধিক রোগী উপকৃত
নার্ভের দুর্বলতা, কিডনি, লিভার, বাত, সোরাইসিস, শ্বেতী ও অনান্য চর্মরোগ, অর্শ, চুল, পেটের রোগ, হাঁপানি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব, শীঘ্রপতন, লিঙ্গ শিথিলতা/ক্ষুদ্রতা সহ যে কোনো যৌন সমস্যার ১০০% সুচিকিৎসা
স্থান : আত্রেয় আয়ুর্বেদ
তেঁতুলতলা মোড়, বিশ্বসিংহ রোড, কোচবিহার
☎ 98324 40355 | 03582 226995
ফোনে যোগাযোগ করে আসুন